



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

কম্পিউটার শাখা

সংশোধিত বিজ্ঞপ্তি

স্মারক নং বশিবো/কলেজ/নিবন্ধন/১৯২৬


তারিখ: ১০/১২/২০১৩

বিষয়: ২০১২-২০১৩ শিক্ষাবর্ষে (এইচএসসি ২০১৪ সালের পরীক্ষার্থী) নিবন্ধন কার্ড গ্রহণ।

সূত্র: চেয়ারম্যান মহোদয়ের ১০/১২/২০১৩ ইং তারিখের নথির আদেশ (আদেশ নং-২৩১, পৃষ্ঠা-১১৬)

উপরোক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে বরিশাল শিক্ষাবোর্ডের আওতাধীন সকল স্বীকৃতিপ্রাপ্ত ও পাঠদানের অনুমতিপ্রাপ্ত উচ্চমাধ্যমিক পর্যায়ের প্রতিষ্ঠান প্রধানদের জানানো যাচ্ছে যে, ২০১২-২০১৩ শিক্ষাবর্ষের (এইচএসসি ২০১৪ সালের পরীক্ষার্থী) শিক্ষার্থীদের নিবন্ধন কার্ড মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল থেকে সরবরাহ করা হবে না। নিবন্ধন কার্ড আগামী ১০/১২/২০১৩ ইং তারিখ থেকে ৩০/১২/২০১৩ ইং তারিখ পর্যন্ত বরিশাল শিক্ষাবোর্ডের ওয়েবসাইট www.barisalboard.gov.bd এই URL থেকে Download করে নিতে হবে। নিবন্ধন কার্ড A4 Size 100 GSM Offset Paper এ Print করতে হবে। নিবন্ধন কার্ডের নির্ধারিত স্থানে শিক্ষার্থী ও প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর নিশ্চিত করে শিক্ষার্থীদের মাঝে বিতরণ করতে বলা হলো। বিষয় পরিবর্তন করতে হলে ০১/০১/২০১৪ থেকে ১৫/০১/২০১৪ ইং তারিখ পর্যন্ত কলেজ নিবন্ধন শাখা থেকে সংশোধনের জন্য ৫০০/- ডিডি/ পে অর্ডার দিয়ে সংশোধন করা যাবে (প্রমাণপত্র দাখিল সাপেক্ষে)। নিবন্ধন কার্ডে শিক্ষার্থীর ছবি বা অন্য কোনো বিষয়ে অসংগতি বা অস্পষ্টতা থাকলে (উল্লেখ্য ছবির বিষয় শিক্ষার্থীর ১" x ১" সাইজের ছবি আইকা দিয়ে লাগিয়ে প্রতিষ্ঠান প্রধানের সত্যায়িত পূর্বক বোর্ডে জমা দিয়ে কলেজ পরিদর্শকের স্বাক্ষর করে নিতে হবে)। কলেজ পরিদর্শকের বরাবর আবেদন পূর্বক আগামী ০১/০১/২০১৪ থেকে ১৫/০১/২০১৪ ইং তারিখের মধ্যে সংশোধন করে নিতে হবে। অসংগতি বা অস্পষ্ট অথবা অতিরিক্ত নিবন্ধন কার্ড কোনো অবস্থায় শিক্ষার্থীর হাতে না দিয়ে নিম্ন স্বাক্ষর কারীর দপ্তরে জমা দিতে বলা হলো।

**** আপনার কম্পিউটারে Adobe PDF Reader Software Install থাকতে হবে।**


ড. মোঃ লিয়াকত হোসেন
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল

প্রতিষ্ঠান প্রধান

অত্র বোর্ডের আওতাধীন সকল অনুমতি প্রাপ্ত, স্বীকৃতি প্রাপ্ত কলেজ/উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে বিতরণ :

০১। অত্র বোর্ডের সকল কর্মকর্তা।

০২। সিস্টেম এনালিস্ট (ভার.) (অনলাইনে প্রকাশের জন্য)

০৩। সংরক্ষন নথি।